

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৮৯

১/ বিবিধ

আরবী

ستبلغكم عني أحاديث، فاعرضوها على القرآن، فما وافق القرآن فالزموه، وما خالف القرآن فارفضوه

ضعیف جدا

أخرجه الهروي في " ذم الكلام " (78/2) عن صالح المري: حدثنا الحسن قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره

قلت: وهذا سند ضعيف مرسل، الحسن هو البصري

وصالح المري هو ابن بشير وهو ضعيف جدا، أورده الذهبي في الضعفاء

قال النسائي وغيره: متروك

وقال الحافظ في " التقريب ": ضعيف

বাংলা

১০৮৯। অচিরেই তোমাদের নিকট আমার উদ্ধৃতিতে কতিপয় হাদীস পোঁছবে, তোমরা সেগুলোকে কুরআনের উপর পেশ করবে (সাথে মিলাবে)। যা কিছু কুরআনের সাথে মিলবে তাকে তোমরা আঁকড়ে ধরবে আর যা কিছু কুরআনের বিপরীত হবে তোমরা তাকে নিক্ষেপ (প্রত্যাখ্যান) করবে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি হারাবী "যাম্মুল কালাম" (২/৭৮) গ্রন্থে সালেহ আল-মুররী হতে, তিনি আল-হাসান হতে তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।



আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল মুরসাল। হাসান হচ্ছেন বাসরী।

আর সালেহ আল-মুররী হচ্ছেন ইবনু বাশীর, তিনি খুবই দুর্বল। হাফিয যাহাবী বলেছেনঃ তিনি মাতরূক।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন